



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
আইন বিভাগ

পি, এ, বি, এক্স-৯৫৬০০২১-৫
৯৫৬০০৩১-৫
ফোন ৯৫৫৩০০১

তারিখঃ ২৫-০৬-২০১৯খ্রিঃ

নং-প্রকা/আইন-৭৯৫(অংশ-৫)/২০১৮-২০১৯/৯২৪

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

‘বিষয়টি অতীব জরুরী’

বিষয়ঃ অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ১২ ধারায় (৩০-০৬-২০১৯ ইং তারিখ পর্যন্ত) প্রকাশিত নিলাম বিজ্ঞপ্তির সংখ্যা, প্রকাশিত বিজ্ঞপ্তির পর আদায়কৃত টাকার পরিমাণ এবং নিষ্পত্তিকৃত ঋণের সংখ্যাসহ ৩৩(৫) ও ৩৩(৭) ধারায় বাংলাদেশ কৃষি ব্যাংকের অনুকূলে সনদপ্রাপ্ত সম্পত্তির সঠিক ও পূর্ণাঙ্গ তালিকা প্রেরণ এবং উক্ত আইনের ৪৬ ধারা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অর্থঋণ মামলা দায়ের প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগের ১১-১১-২০১৮ ইং তারিখের সার্কুলার লেটার নং ১/২০১৮ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বর্ণিত বিষয়ে সার্কুলার লেটার এর মাধ্যমে সকল বিভাগীয় কার্যালয় সমূহ হতে ৩৩(৫) এবং ৩৩(৭) ধারা সনদপ্রাপ্ত সম্পত্তি সংক্রান্ত প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো কোন বিভাগ হতেই প্রেরিত হুক মোতাবেক তথ্য অত্র বিভাগে প্রেরণ করা হয় নি। এ বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষ গভীর অসন্তোষ প্রকাশ করেছেন। বিগত ২৫.০২.২০১৭ইং তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংকের মহাব্যবস্থাপক সম্মেলনে উপস্থাপনকৃত প্রতিবেদন পর্যালোচনা করে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ব্যাংকের অনুকূলে সনদপ্রাপ্ত সম্পত্তির বিষয়ে আরও তথ্যভিত্তিক সঠিক ও পূর্ণাঙ্গ তালিকা উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। সে মোতাবেক ব্যাংকের অনুকূলে ৩৩(৫) এবং ৩৩(৭) ধারার আওতায় সনদপ্রাপ্ত সম্পত্তির সঠিক ও পূর্ণাঙ্গ হালনাগাদ (কেস টু কেস) বিবরণী নিম্নোক্ত হুকে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলোঃ-


ক্রমিক নং	অঞ্চল ও শাখার নাম	ঋণ এইটির নাম ও মামলার নম্বর (যেখানে কেসে)	বিতরণকৃত টাকার পরিমাণ	হুক						লক্ষ টাকায়					
				হুক হতে ৩০-০৬-২০১৯ ইং তারিখ পর্যন্ত অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ১২ ধারায় প্রকাশিত নিলাম বিজ্ঞপ্তির			৩৩(৫) ধারায় সনদ প্রাপ্তির		৩৩(৭) ধারায় সনদ প্রাপ্তির তারিখ		জ্ঞানসি সম্পত্তি বিবরণ		জ্ঞানসি সম্পত্তির মূল্য		
				সংখ্যা	বিজ্ঞপ্তি পরবর্তী টাকা আদায়ের পরিমাণ	বিজ্ঞপ্তি পরবর্তী নিষ্পত্তিকৃত ঋণের সংখ্যা	মামলা নং ও তারিখ	জড়িত টাকার পরিমাণ	মামলা নং ও তারিখ	জড়িত টাকার পরিমাণ	মসিকের নাম	অবস্থান	পরিমাণ	এহৎকরণী	বর্তমান (আনুমানিক)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
মোটঃ															

০৩। তদুপরি, অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ৪৬ ধারা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে অর্থঋণ আদালতে মামলা দায়েরের বিষয়ে আইন বিভাগের পত্র ৪২৩ তারিখ ০৫.১১.২০০৩ এ বিস্তারিত এবং ১২.০২.২০১৭ ইং তারিখের ১৩১৪ নং পত্রে নির্দেশনা দেয়া হয়েছিল। বিভাগীয় কার্যালয় সমূহ থেকে প্রেরিত প্রতিবেদন পর্যালোচনায় অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ৪৬ ধারা মোতাবেক নির্ধারিত সময়-সীমার মধ্যে অর্থঋণ মামলা দায়েরের সংখ্যা আশাব্যঞ্জক না হওয়ার ব্যাংক কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ করেন। উক্ত আইনের ৪৬ ধারায় নির্ধারিত সময় সীমার মধ্যে মামলা দায়েরের ব্যর্থতায় অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ৪৬(৫) ধারার বিধান মোতাবেক সংশ্লিষ্ট কর্মকর্তাগণের বিরুদ্ধে শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশনা রয়েছে।

০৩। এমতাবস্থায়, ব্যাংক কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক জরুরী ভিত্তিতে ৩৩(৫) ও ৩৩(৭) ধারায় সনদপ্রাপ্ত সম্পত্তির তথ্য এবং ১২ ধারায় প্রকাশিত নিলাম বিজ্ঞপ্তির বিপরীতে আদায় ও নিস্পত্তিকৃত ঋণের পুনাস্ত তথ্য সংযুক্ত ছক মোতাবেক আগামী ১০.০৭.২০১৯ইং তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিতকরণ এবং ৪৬/২৮ ধারা মোতাবেক নির্ধারিত সময় সীমার মধ্যে দায়েরযোগ্য সকল মামলা/জারী মামলা দায়েরের পদক্ষেপ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৪। উল্লেখ্য, বর্ণিত নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন না করার ফলে ব্যাংকের স্বার্থ ক্ষুণ্ণ/আর্থিক ক্ষতি হলে সে জন্য শাখা ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ দায়ী থাকবেন।

অনুমোদনক্রমে-


আপনার বিশ্বস্ত

 (মোঃ সৈয়দুল আমিন মাহবুব)
 সহকারী মহাব্যবস্থাপক
 (বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/আইন-৭৯৫(অংশ-৫)/২০১৮-২০১৯/৯২৪

তারিখ : ২৫-০৬-২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। মূল পত্রটি কৃষি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি/ মহানথি।


 (মোঃ আব্দুস সবুর)
 মুখ্য কর্মকর্তা